



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/15/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কুকুরছানা মিল পাইপলাইন শেষ করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

**বিধিমালা (S.1130/A.4283) খুচরা পোষা প্রাণীর দোকানে কুকুর, বিড়াল, ও খরগোশ  
বিক্রি নিষিদ্ধ করে**

**পোষা প্রাণীর দোকান দত্তকের ক্ষেত্রে তাদের স্থান ব্যবহার করতে দেওয়ার জন্য  
আশ্রয়কেন্দ্রগুলির থেকে ভাড়া নিতে পারবে**

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা (S.1130/A.4283) স্বাক্ষর করলেন যা খুচরা পোষা প্রাণীর দোকানে কুকুর, বিড়াল ও খরগোশ বিক্রি নিষিদ্ধ করে, যার উদ্দেশ্যে হলো কুকুরছানা মিল থেকে পোষা প্রাণীর দোকান পর্যন্ত পাইপলাইন শেষ করা এবং অত্যাচারী ব্রিডারদের থামানো। আইনসভার সাথে একটি চুক্তির ভিত্তিতে, এই বিধিমালাটি 2024 সালে কার্যকর হবে এবং পোষা প্রাণীর দোকানগুলিকে দত্তকের ক্ষেত্রে তাদের স্থান ব্যবহার করতে দেওয়ার জন্য আশ্রয়কেন্দ্রগুলির থেকে ভাড়া নিতে পারবে।

"নিউ ইয়র্কজুড়ে কুকুর, বিড়াল এবং খরগোশের আদরের বাসা ও মানবিক আচরণ প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "আমি এই বিধিমালা স্বাক্ষর করতে পেরে গর্বিত যা নির্দয় আচরণ কমাতে অর্থপূর্ণ পদক্ষেপ নিবে এবং পুরো স্টেটের প্রাণীদের কল্যাণ সুরক্ষিত করবে।"

বিধিমালা (S.1130/A.4283) এর উদ্দেশ্য হলো বড় আকারের, অত্যাচারী ব্রিডারদের থেকে প্রাণীয় কেনাবেচা বন্ধ করা যাদের যথাযথ প্রাণী চিকিৎসা, খাদ্য বা সামাজিকীকরণের অভাব রয়েছে। প্রায়শই, এই প্রাণীগুলির স্বাস্থ্য সমস্যা থাকে যা মন্দ ব্রিডিং থেকে হয় এবং যার ফলে পরিবারের হাজার হাজার মার্কিন ডলার পশুচিকিৎসা খরচ লাগতে পারে। বিধিমালাটি পোষা প্রাণীর দোকানগুলিকে প্রাণী আশ্রয়কেন্দ্র বা উদ্ধার সংগঠনের সাথে মিলে দত্তক সেবা আয়োজন করতে দিবে যাতে নিউ ইয়র্কবাসীকে বাসার চাহিদা থাকা প্রাণীদের সাথে সংযুক্ত করে দেওয়া যায়।

**স্টেটের সিনেটর মাইকেল জিয়ানারিস বলেন,** "আজকে আমাদের চারপেয়ে বন্ধুদের জন্য একটি দারুণ দিন এবং অত্যাচারী ও অমানবিক কুকুরছানা মিলের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে একটি বড় অগ্রগামী পদক্ষেপ। নির্বাক আদরের প্রাণীদের পাশে দাঁড়ানোর জন্য গভর্নর

হোকলকে আমার ধন্যবাদ, তারা আমাদের পরিবারের সদস্য এবং আজকে তাদের যেই সম্মান দেওয়া হয়েছে তারা এর প্রাপ্য।"

**অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেনথাল বলেন,** "আমি কুকুরছানা মিল পাইপলাইন বন্ধ করতে এই বিধিমালা স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে অনেক ধন্যবাদ জানাচ্ছি। আমাদের দেশে যে নির্মম অমানবিক কুকুরছানা মিল রয়েছে যারা আমাদের পোষা প্রাণীর দোকানে সরবরাহ করে প্রাণীদের সাথে নিষ্ঠুরতা এবং সরল বিশ্বাসী গ্রাহকদের ব্যবহার করে মুনাফা অর্জন করেছে তা নিউ ইয়র্ক স্টেটে আর করতে দেওয়া হবে না। পোষা প্রাণীর দোকানে কুকুর, বিড়াল ও খরগোশ বিক্রি বন্ধ করার ফলে, আশ্রয়কেন্দ্র এবং উদ্ধারকেন্দ্রগুলি এইসব দোকানের সাথে অংশীদারিত্ব করে দত্তকযোগ্য প্রাণী প্রদর্শন করতে পারবে এবং তাদেরকে তাদের চিরদিনের বাড়িতে পাঠাতে পারবে। অগণিত পরিবার জিনগতভাবে ক্ষতিগ্রস্ত বা ক্রমাগতভাবে অসুস্থ থাকে এমন প্রিয় নতুন পোষা প্রাণীর জন্য হাজার হাজার মার্কিন ডলার ব্যয় করার মর্মবেদনা থেকে মুক্তি পাবে। প্রাণীর প্রতি নিষ্ঠুরতা প্রতিরোধে নিউ ইয়র্কের নেতৃস্থানীয় ভূমিকা অন্য স্টেটদের তা অনুসরণ করতে অনুপ্রাণিত করবে, এবং তা অর্জন করতে পারলে গভর্নর এবং সকলেই তা নিয়ে গর্ব করতে পারবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418